বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০

## শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৭-২০১৮/৫৮৬(১২৫০) তারিখঃ ২৮-১২-২০১৭ খ্রিঃ

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক/স্থানীয় মুখ্য কার্যালয়,
০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৩। উপ মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত উন্নয়ন মেলা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে ।

প্রিয় মহোদয়

উপরেক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক,প্রধান কার্যালয় ,সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট এর ১২-১২-২০১৭ তারিখের প ত্র নং এসএফডি(জিবিএমএস)১০০৩/৭/২/২০১৭/২৮৫৩ প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। অর্থ মন্এনালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৬-১১২০১৭ তারিখের পত্র নং ৫৩.০০.০০০০.২১১.২২.০০২.১৭-৬৭৫ অনুযায়ী গত ১৪ সেপ্টেম্বর,২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মাননীয় মুখ্য সমন্বয়কের(এসডিজি) সভাপতিত্বে অনুষ্ঠিত ০৯-১১ জানুয়ারি ২০১৮ মেয়াদে অনুষ্ঠিতব্য জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলাা আয়োজন সংক্রান্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

১।জেলা ও উপজেলা প্রশাসনের সার্বিক আয়োজনে জেলা ও উপজেলার বিভিন্ন সরকারী দপ্তর /সংস্থা,ব্যাংক,বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, সরকারী ও বেসরকারী এনজিও (দেশী/আন্তর্জাতিক),উন্নয়ন সংস্থা ইত্যাদি জেলায় অংশ গ্রহণ করবে।

২। মেলার সংশ্লিষ্ট কাজে মন্এণালয়/বিভাগসমূহ স্ব স্ব সংস্থার অনুকূলে বাজেট বরাদ্দ করতে পারে ।

০৩। উল্লিখিত সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ০৯-১১ জানুয়ারী ২০১৮ মেয়াদে অনুষ্ঠিতব্য জেলা ও উপজেলা পর্যায়ে ( যে সকল স্থানে শাখা রয়েছে) উন্নয়ন মেলায় অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে অবিলম্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নিবার্হী কর্মকতার কার্যালয়ে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে অত্র ব্যাংকের সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিটের প্রধান জনাব নিতাই চন্দ্র রায় (মোবাইল নং ০১৯২১১১৫৬৩১),উপ-মহাব্যবস্থাপক,ক্রেডিট বিভাগ-১ সার্বিক সমন্বকের দায়িত্ব পালন করবেন বিধায় তার সাথে যোগাযোগ করার জন্যও অনুরোধ করা হলো ।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
(স্বাক্ষর) ২৮/১২/১৭
( মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবহাপক

সংযুক্তিঃ০১(এক)

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৭-২০১৮/ ৫৮৬(১২৫০) তারিখঃ ২৮-১২-২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার,সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
৪। সচিব ও সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে সংযুক্তিসহ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেম,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো ।
৫। জনাব নিতাই চন্দ্র রায়,উপ-মহাব্যবস্থাপক ও সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিটের প্রধান ,ক্রেডিট বিভাগ-১,বিকেবি,প্রকা, ঢাকা।
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। নথি/মহানথি।

(স্বাক্ষর) ২৮/১২/১৭
(মোঃ ইসকান্দার আলী সিকদার)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৭

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
১৭ অক্টোবর জরুরী
নং ২২২০ সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
★ ডিএমডি-
★ জিএম ... তারিখঃ ১২ ডিসেম্বর, ২০১৭
★ ডিজিএম...........

সূত্র নংঃ এসএফডি(জিবিএমএস)১০০৩/৭/২/২০১৭/২৮৫৩

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
নং- ৭৩৭ তাং-১৭.১২.১৭

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৪, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

***দৃষ্টি আকর্ষণঃ সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট প্রধান***

প্রিয় মহোদয়,

**<u>প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত উন্নয়ন মেলা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।</u>**

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৬ নভেম্বর, ২০১৭ তারিখের পত্র নং ৫৩.০০.০০০০.২১১.২২.০০২.১৭-৬৭৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত পত্র মারফত গত ১৪ সেপ্টেম্বর, ২০১৭ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে মাননীয় মুখ্য সমন্বয়কের (এসডিজি) সভাপতিত্বে অনুষ্ঠিত ০৯-১১ জানুয়ারি ২০১৮ মেয়াদে অনুষ্ঠিতব্য জেলা ও উপজেলা পর্যায়ে উন্নয়ন মেলা আয়োজন সংক্রান্ত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১. জেলা ও উপজেলা প্রশাসনের সার্বিক আয়োজনে জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থা, ব্যাংক, বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, সরকারি ও বেসরকারি এনজিও (দেশী/আন্তর্জাতিক), উন্নয়ন সংস্থা ইত্যাদি জেলায় অংশগ্রহণ করবে।

২. মেলার সংশ্লিষ্ট কাজে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব সংস্থার অনুকূলে বাজেট বরাদ্দ করতে পারে।

উল্লিখিত সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনাদেরকেঃ

ক. ০৯-১১ জানুয়ারি ২০১৮ মেয়াদে অনুষ্ঠিতব্য জেলা ও উপজেলা পর্যায়ে (যে সকল স্থানে শাখা রয়েছে) উন্নয়ন মেলায় আপনাদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এ বিষয়ে অবিলম্বে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নিবাহী কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে। এক্ষেত্রে আপনাদের সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিটের প্রধান সার্বিক সমন্বয়কের দায়িত্ব পালন করবেন।

খ. এতদসংশ্লিষ্ট প্রয়োজনে অত্র বিভাগের উপপরিচালক জনাব মিয়া সাকিব আনাম (মোবাইলঃ ০১৭১০৫০৬৫০২) এবং উপপরিচালক জনাব মোঃ জাকারিয়া (মোবাইলঃ ০১৭৭১৩১৮০২০) এর সাথে যোগাযোগের জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত

(কাজী মুতমাইন্না তাহমিদা)
যুগ্মপরিচালক
ফোনঃ ০২৫৫৬৬৫০০১-৬/২১২৯৩
ই-মেইলঃ qm.tahmida@bb.org.bd